চতুর্থ শ্রেণী

০৩/০৮/২১ –

বিচিত্র পাঠ নবম (৯) অধ্যায়ের অনুশীলনী চলছিল, মুখে মুখে বলো ~~[illegible]~~, জ্ঞানমূলক ও বোধমূলক অংশ বানানো হয়েছিল, দক্ষতামূলক এবং প্রয়োগ অংশ আজ বানানো হল;

০৫/০৮/২১ –

বিচিত্র পাঠ দশম (১০) অধ্যায়ের কবিতাটি পড়ানো হল;

০৭/০৮/২১ – কবিতাটি ছাত্র-ছাত্রীদের দিয়ে পাঠ বানানো হল;

কতটা শেখা হল

১. মুখে মুখে বল:

ক) এই লেখাটি কোন বই থেকে নেওয়া হয়েছে? পথের পাঁচালী উপন্যাস

খ) সেই বইয়ের লেখকের নাম কী? বিভূতিভূষন বন্দোপাধ্যায়

গ) পারদের গুণ বর্ণনা করতে গিয়ে লেখক কী লিখেছেন?

ঘ) ডিমের জন্য রাখাল প্রথমে কত দাম চেয়েছিল? দু'আনা দাম চেয়েছিল

ঙ) রাখাল ডিম দুটো কোথা থেকে জোগাড় করেছে বলে বলেছে? উঁচু গাছের মগডাল থেকে

চ) দুর্গা ছেঁড়া ন্যাকড়া খুঁজছিল কেন? বলতে পাকাবার জন্য

২. জ্ঞানমূলক প্রশ্ন:

ক) 'কিন্তু ছাপার অক্ষরে বইখানার মধ্যে এ-কথা লেখা আছে',— কোন বইখানার? বইতে কী লেখা আছে?

খ) 'সে এখানে নয়, উত্তর মাঠে, উঁচু গাছের মাথায়!'— একথা কারা বলেছে? কাকে বলেছে? উঁচু গাছের মাথায় কী আছে?

গ) 'একখানা ভাঙা আয়না বাড়িতে আছে, সেটা সে জোগাড় করতে পারবে এখন।'— ভাঙা আয়নাতে কী আছে? সে জিনিস অপুর কোন কাজে লাগবে?

ঘ) 'রাখাল নগদ পয়সা ছাড়া রাজি হয় না'।— রাখাল কে? নগদ পয়সা ছাড়া সে কী দিতে রাজি হয় না?

ঙ) 'এঃ পড়ে একেবারে, গুঁড়ো হয়ে গিয়েচে।'— কে বলেছে? কী গুঁড়ো হয়ে গেছে? ওই জিনিস তাকের ওপর রেখেছিল কে?

চ) 'ওমা, এমন কথা তো কখনো শুনিনি!'— বক্তা কে? তিনি কী কথা শোনেননি?

৩. বোধমূলক প্রশ্ন:

ক) বাবার বাক্স থেকে অপু যে বইটি বের করল সেটি কীরকম?

খ) অপু কাকে কাকে শকুনির ডিমের কথা জিজ্ঞেস করল?

গ) শকুনির ডিম কার কাছ থেকে কত পয়সা দিয়ে অপু কিনল?

ঘ) সহজে আকাশে ওড়বার উপায় আর কেউ জানতে পারেনি কেন?

ঙ) ডিম হাতে পাবার পর অপু কোথায় কোথায় উড়ে যাবার কথা ভাবল?

চ) ডিম ভেঙে যাবার পর অপু কী করল?

ছ) অপুর মা ঘাটে অন্যদের কাছে ছেলের সম্বন্ধে কী বললেন?

৪. দক্ষতামূলক প্রশ্ন:

ক) অপু কি বোকা? না, সরল? না, ভাবুক? তোমার কী মনে হয়? গুছিয়ে লেখ।

খ) গল্পে যেভাবে পড়েছ সেইভাবে ঘটনা পর পর সাজিয়ে লেখ

বই পড়ে অপু আকাশে ওড়ার উপায় জানতে পারল। ৫

তারপর সেটা মুখে পুরলেই মানুষ উড়তে পারে। ৩

এখন কেবল চাই শকুনির ডিম। ৬
দিদি বা বন্ধুরা কেউ শকুনির ডিমের খোঁজ দিতে পারল না। ৪
শকুনির ডিমে পারদ পুরে রোদে শুকিয়ে নিতে হয়। ২
বাড়িতে একখানা ভাঙা আয়নার পেছনে পারা আছে। ৫
অপুর আকাশে ওড়া হল না। ১০
সলতে পাকাবার ন্যাকড়া নিতে গিয়ে তার দিদি ডিম ভেঙে ফেলল। ৯
ডিম দুটো অপু তাকের ওপর রেখেছিল। ৮
রাখালের কাছ থেকে চার পয়সায় অপু দুটো ডিম কিনল। ৭

শব্দের ঝাঁপি

চুপি চুপি পুরানো পুরানো করতে করতে ভাবতে ভাবতে মাঠে মাঠে ছোটো ছোটো
ভুরি-ভুরি সঙ্গে সঙ্গে সত্যি সত্যি হাতড়ে হাতড়ে বড়ো বড়ো
কাঁঠাল তলা তেল-তামাক চেয়ে-চিন্তে ছেঁড়া-খোঁড়া মোহ শূন্যমার্গ

ব্যাকরণ:

ক) অর্থ লেখ: শূন্যমার্গ বিপন্ন পারদ পারিশ্রমিক

খ) বাক্যরচনা কর: নেড়ে-চেড়ে ভুরি-ভুরি ছেঁড়া-খোঁড়া চেয়ে-চিন্তে ছোটো-ছোটো
মাঠে-মাঠে

গ) বিপরীত শব্দ লেখ: অনুপস্থিত বন্ধ বিশ্বাস উপায় হালকা

ঘ) পদ-পরিবর্তন কর: গুণ চক্ষু পারিশ্রমিক বোকা মাঠ

শকুনের সম্বন্ধে কিছু তথ্য সংগ্রহ করো। তাদের কোথায় পাওয়া যায়, তারা কী খায়, তারা মানুষের উপকারে আসে কীনা, তাদের কোনো আশ্চর্য ক্ষমতা আছে কীনা ইত্যাদি। এই সব খুঁটিনাটি তথ্য তোমার খাতায় লিখে তোমার বন্ধুদের পড়ে শোনাও।



অপু বইটি পড়ে, তাতে যা লেখা আছে, সব কিছু বিশ্বাস করল। তুমি যদি অপুর জায়গায় হতে, তা হলে কী করতে?

ক) অপুর মতন পারা আর শকুনের ডিম জোগাড় করে উড়বার চেষ্টা করতে।
খ) তোমার মা অথবা বাবাকে জিজ্ঞেস করতে বইটিতে যা লেখা আছে তা সত্যি কী না।
গ) তোমার বন্ধুদের এই বইটি পড়তে দিতে এবং সবাই মিলে উড়তে চেষ্টা করতে।

বাবার বাক্স থেকে অপু যে বইটি বের করল সেটি কীরকম?

বাবার বাক্স থেকে অপু যে বইটি বের করল সেটি অত্যন্ত পুরানো মার্বেল কাগজের মলাট বাঁধাই করা। যার নানা জায়গায় চটা উঠে গেছে।

অপু কাকে কাকে শকুনির ডিমের কথা জিজ্ঞেস করল?

অপু শকুনির ডিমের কথা তার দিদি, সেতু, নীপু, কিনু, পটল ও নেড়া-কে জিজ্ঞেস করল।

শকুনির ডিম কার কাছ থেকে কত পয়সা দিয়ে অপু কিনল?

অপু রাখালের কাছ থেকে চার পয়সায় দুটো ডিম কিনল।

সহজে আকাশে ওড়বার উপায় আর কেউ জানতে পারেনি কেন?

সহজে আকাশে ওড়বার উপায় আর কেউ জানতে পারেনি কারণ আর কেউ 'সর্ব-দর্শন-সংগ্রহ' বই পরেনি।

ডিম হাতে পাবার পর অপু কোথায় কোথায় উড়ে যাবার কথা ভাবল?

ডিম হাতে পাবার পর অপু মামার বাড়ির দেশে, বাবা যেখানে আছে সেখানে, নদীর ওপারে এবং শালিখ পাখির মতো আকাশের গায়ে তারারা যেখানে উঠেছে সেখানে উড়ে যাবার কথা ভাবল।

শকুনির ডিম

31
2/7/2021

এই লেখাটি কোন বই থেকে নেওয়া হয়েছে?

এই লেখাটি পথের পাঁচালী বই থেকে নেওয়া হয়েছে।

সেই বইয়ের লেখকের নাম কী?

এই বইয়ের লেখকের নাম বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

পারদের গুণ বর্ণনা করতে গিয়ে লেখক কী লিখেছেন?

পারদের গুণ বর্ণনা করতে গিয়ে লেখক লিখেছেন,— শকুনির ডিমের মধ্যে পারদ পুরে কয়েকদিন রোদে রাখতে হয়, পরে সেই ডিম মুখের ভিতর পুরে মানুষ ইচ্ছে করলে শূন্যমার্গে যেমন ইচ্ছে বিচরণ করতে পারে।

ডিমের জন্য রাখাল প্রথমে কত দাম চেয়েছিল?

ডিমের জন্য রাখাল প্রথমে দু'আনা দাম চেয়েছিল।

রাখাল ডিম দুটো কোথা থেকে জোগাড় করেছে বলে বলেছে?

রাখাল ডিম দুটো নিজের জীবন বিপন্ন করে কোথাকার কোন উঁচু গাছের মগডাল থেকে এটা জোগাড় করেছে বলে বলেছে।

দুর্গা ছেঁড়া ন্যাকড়া খুঁজছিল কেন?

দুর্গা সলতে পাকাবার জন্য ছেঁড়া ন্যাকড়া খুঁজছিল।

ডিঙ্গ ভেঙে যাবার পর অপু কী করল?

ডিঙ্গ ভেঙে যাবার পর অপু সমস্ত দিন খেলো না। রুদ্রমূর্তি ধারন করে কান্নাকাটি শুরু করেছিল।

অপুর মা ঘাটে অন্যদের কাছে ছেলের সম্বন্ধে কী বলেছিলেন?

অপুর মা ঘাটে অন্যদের কাছে বলল যে তার ছেলে খুব বোকা, এই ছেলে নিয়ে যে তিনি কী করবেন তা বুঝতে উঠতে পারে না।

শকুনির ডিম

31.1.2021

জ্ঞানমূলক প্রশ্ন:-

'কিন্তু ছাপার অক্ষরে বইখানার মধ্যে এ-কথা লেখা আছে;— কোন বইখানার? বইতে কী লেখা আছে?

'সর্ব-দর্শন-সংগ্রহ' এই বইখানার মধ্যে লেখা আছে।
■ বইটিতে লেখা আছে যে, শকুনির ডিমের মধ্যে পারদ পুরে কয়েকদিন রোদে রাখতে হয়, পরে সেই ডিম মুখের ভেতর পুরে মানুষ ইচ্ছে করলে আকাশে উড়তে পারবে।

'সে এখানে নয়, উত্তর মাঠে, উঁচু গাছের মাথায়।' একথা কারা বলেছে? কাকে বলেছে? উঁচু গাছের মাথায় কী আছে?

একথা অপুর পাড়ার ছেলেদের মধ্যে কেউ বলেছে।
■ অপুকে বলেছে।
■ উঁচু গাছের মাথায় শকুনির ডিম আছে।

একখানা ভাঙা আয়না বাড়িতে আছে, সেটা সে জোগাড় করতে পারবে এখন?— ভাঙা আয়নাতে কী আছে? সে জিনিস অপুর কোন কাজে লাগবে?

ভাঙা আয়নাতে পারদ বা পারা আছে।
■ সেই পারদ বা পারা অপু শকুনির ডিমের মধ্যে পুরে রাখবে।

'রাখাল নগদ পয়সা ছাড়া রাজি হয় না।'— রাখাল কে? নগদ পয়সা ছাড়া সে কী দিতে রাজি হয় না?

রাখাল হল যারা গরু চড়ায়। এখানে অপুদের পাড়ার এক রাখালের কথা বলা হয়েছে।

■ নগদ পয়সা ছাড়া সে ~~সকুনির~~ শকুনির ডিম দিতে রাজি হয়না।

'এঃ পড়ে একবারে, গুঁড়ো হয়ে গিয়েছে।'— কে বলেছে? কী গুঁড়ো হয়ে গেছে? ওই জিনিস তাকের ওপর রেখেছিল কে?

দুর্গা বলেছে।

■ ~~সকুনির~~ শকুনির ডিমগুলো গুঁড়ো হয়ে গেছে।

■ ওই জিনিস তাকের ওপর রেখেছিল অপু।

'ওমা, এমন কথা তো কখনো শুনিনি!'— বক্তা কে? তিনি কী কথা শোনেননি?

বক্তা হলেন অপু ও দুর্গার মা সর্বজয়া।

■ শকুনির ডিমের ভেতর পারদ পুরে রোদে শুকিয়ে মুখের ভেতর রাখলে উড়তে পারা যায়- এ কথা তিনি কখনো শোনেননি।

— o —